

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
“নারী উদ্যোক্তা উন্নয়ন ও সম্প্রসারণ” কর্মসূচী  
দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

## চুক্তি ভিত্তিক সেবা ক্রয় কোটেশন বিজ্ঞপ্তি

স্মারক নং- মশিবিম/নাউউসক/প্রশিক্ষণ/২০১৪-০৩/২৬

তারিখঃ ১৫/০৫/২০১৪ইং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থায়নে এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি কর্তৃক বাস্তবায়নাধীন প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য কিছু সংখ্যক সহকারী প্রশিক্ষকের চুক্তিভিত্তিক সেবা ক্রয় করা হবে।

কার্যক্রমের মেয়াদ	ঃ মে ২০১৪ইং এর শেষার্ধ থেকে জুন ২০১৪ইং।
কার্যক্রমের ধরন	ঃ প্রশিক্ষণ পরিচালনা (দিন ভিত্তিক)।
স্থান	ঃ গাজীপুর, নরসিংদী, বান্দরবান, রাঙ্গামাটি, কক্সবাজার, গোপালগঞ্জ, মাদারীপুর, লক্ষীপুর, ফেনী, কুমিল্লা, চট্টগ্রাম ও ঢাকা।
প্রশিক্ষণের নাম	ঃ বেসিক বিউটিফিকেশন।
প্রশিক্ষণ কোর্সের মেয়াদ	ঃ প্রতি কোর্স ৫দিন।
প্রশিক্ষণার্থী	ঃ সংশ্লিষ্ট জেলার নারী উদ্যোক্তা (কর্মসূচীর জন্য যারা তালিকাভুক্ত)।
প্রশিক্ষকের যোগ্যতা	ঃ কমপক্ষে এসএসসি পাস এবং সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট কোর্সধারী।
প্রশিক্ষকের অভিজ্ঞতা	ঃ সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ৩ বৎসরের প্রশিক্ষক হিসাবে কাজ করার বাস্তব অভিজ্ঞতা।
প্রশিক্ষকের সেবামূল্য	ঃ যাতায়াত ভাতা টাকা ২৫০০/- (প্রতি কোর্স), থাকা-খাওয়া টাকা ১১০০/- (প্রতি দিন), প্রশিক্ষকের (সম্মানি) ভাতা টাকা ৩০০০/- (প্রতি দিন) (সরকারী বিধি মোতাবেক কর সমেত)।

### প্রশিক্ষক-এর দায়িত্ব

- প্রশিক্ষকের সহিত সমন্বয় করে জেলা পর্যায়ে নারী উদ্যোক্তাদের সংশ্লিষ্ট বিষয়ে হাতে-কলমে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে স্ব স্ব ক্ষেত্রে ও বিষয়ে আধুনিক, মান সম্পন্ন ব্যবসা পরিচালনায় পারদর্শী করে গড়ে তুলতে সহায়তা করা।
- প্রশিক্ষণ পরিকল্পনা প্রস্তুত করতে প্রশিক্ষককে সহায়তা করা।
- নির্দিষ্ট সম্পদ যথাযথ ব্যবহারের মাধ্যমে প্রশিক্ষণ ব্যবস্থাপনা নিশ্চিত করা, প্রশিক্ষণ প্রদানসহ সংশ্লিষ্ট কার্যক্রমের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করতে প্রশিক্ষকের সহকারী হিসেবে কাজ করা।
- সংশ্লিষ্ট কর্মকর্তা ও স্টেকহোল্ডারের সাথে যোগাযোগ রক্ষায় প্রশিক্ষককে সহযোগিতা করা।

আগ্রহী ও উপযুক্ত প্রার্থীদের বিস্তারিত জীবন বৃত্তান্ত (CV) ও এক কপি ছবিসহ আবেদনপত্র আগামী ২১ মে ২০১৪ইং তারিখ এর মধ্যে সরাসরি নিম্ন ঠিকানায় আহবান করা হচ্ছে।


### “নারী উদ্যোক্তা উন্নয়ন ও সম্প্রসারণ” কর্মসূচী

দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

কক্ষ নং- ১৫

‘ফেডারেশন ভবন’

৬০, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।



(মোঃ কফিলউদ্দিন কাইয়া)

উপ-সচিব

কর্মসূচী পরিচালক

“নারী উদ্যোক্তা উন্নয়ন ও সম্প্রসারণ” কর্মসূচী  
দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়